

জেলা প্রশাসক

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়, গাইবান্ধা

তারিখ: _____

স্বাক্ষর: _____

স্থান: _____

নম্বর ১৭.০৮.৩২০০.০৭০.৯৯.০০২.২৩-

তারিখ : ১৬ নভেম্বর ২০২৩ খ্রিঃ

গণবিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি কাজী নাহিদ রসুল, জেলা প্রশাসক, গাইবান্ধা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন :

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল দায়ের	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপীল নিষ্পত্তি	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোট গ্রহণের তারিখ	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাজে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বেলিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৩৩ গাইবান্ধা-৫ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীগণের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

স্বাক্ষর

(কাজী নাহিদ রসুল)

জেলা প্রশাসক, গাইবান্ধা

ও

রিটার্নিং অফিসার

নির্বাচনী এলাকার নম্বর ও নাম : ৩৩ গাইবান্ধা-৫

ই-মেইল dcgaibandha@mopa.gov.bd

তারিখ : ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বঙ্গাব্দ

নম্বর ১৭.০৮.৩২০০.০৭০.৯৯.০০২.২৩ - ১৬৮২


অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার, ঢাকা।

তারিখ : ১৬ নভেম্বর ২০২৩ খ্রিঃ

চলমান পাতা-০২

০৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
০৬. পুলিশ সুপার, গাইবান্ধা।
০৭. উপজেলা নির্বাহী অফিসার, সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
০৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিভিপি, গাইবান্ধা।
০৯. জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা।
১০. জেলা তথ্য অফিসার, গাইবান্ধা (তাকে গণবিজ্ঞপ্তিটি উল্লিখিত নির্বাচনী এলাকার জনসাধারণের জ্ঞাতার্থে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১১. উপজেলা নির্বাচন অফিসার, সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা।
১২. অফিসার ইন চার্জ, সাঘাটা/ফুলছড়ি থানা, গাইবান্ধা।


২০১১/১১/১১
(কার্বী নাহিদ রসুল)
জেলা প্রশাসক, গাইবান্ধা
ও
রিটার্নিং অফিসার।